



## হাসিনা দেশকে জাহান্নাম বানানোর প্রস্তুতি নিয়েছে: জোনায়েদ সাকি



সংগৃহীত ছবি

গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকি বলেছেন, শেখ হাসিনা ক্ষমতা হারিয়ে দেশকে জাহান্নামে পরিণত করার প্রস্তুতি নিয়েছেন। তবে জনগণ ঐক্যবদ্ধ থাকলে তার পরিকল্পনা সফল হবে না। তিনি আরও বলেন, দেশের জন্য নতুন রাজনৈতিক বন্দোবস্ত, বিচার, সংস্কার এবং নির্বাচনের বিকল্প নেই।

গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকি শুক্রবার (২৬ সেপ্টেম্বর) রাতে নারায়ণগঞ্জ শহরের চাষাটা কেন্দ্রীয় শহীদ মিনারে বাংলাদেশ ছাত্র ফেডারেশন নারায়ণগঞ্জ জেলার ৯ম সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এক সমাবেশে বলেন, শেখ হাসিনা পরাজিত হয়ে দেশকে জাহান্নামে পরিণত করার জন্য যা যা দরকার তাই করার প্রস্তুতি নিচ্ছেন। তবে জনগণ ঐক্যবদ্ধ থাকলে কোনোভাবেই তিনি সফল হতে পারবেন না, বিদেশ থেকে টাকা আনলেও তা কার্যকর হবে না।

তিনি বলেন, “আমাদের একটি বিজয় হয়েছে, এখন দরকার আরও বড় বিজয়। দেশকে সংহত ও পুনর্গঠন করতে হবে, রাষ্ট্রে স্থিতিশীলতা ফিরিয়ে আনতে হবে।” আওয়ামী লীগ সরকারকে ফ্যাসিস্ট আখ্যা দিয়ে তিনি বলেন, “আমরা আগে থেকেই বলেছিলাম এই সরকার বিতাড়িত হবে। লুটপাটের বন্দোবস্ত আর চলবে না।”

গণতন্ত্রের জন্য নতুন রাজনৈতিক বন্দোবস্ত জরুরি বলে উল্লেখ করে তিনি বলেন, “আমরা যদি সত্যিকারের গণতন্ত্র চাই, তবে বিচার, সংস্কার এবং নির্বাচন করতে হবে। জুলাইয়ের সনদ রক্তের উপর লেখা—এটি বৈধ এবং আগামী জনপ্রতিনিধিদের আইন করে তা বাস্তবায়ন করতে হবে।”

রাজনৈতিক দলগুলোর সমালোচনা করে জোনায়েদ সাকি আরও বলেন, “বিএনপি, জামায়াত কিংবা এনসিপি—কেউ দুর্নীতির বাইরে নয়। কেউ চাঁদাবাজি করছে, কেউ আবার বড় বড় প্রতিষ্ঠানের এমডি ও পরিচালক হয়ে ভাগ নিচ্ছে। আমরা সবার খোঁজখবর রাখি।” তিনি অভিযোগ করেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অনেক সমন্বয়কের বিরুদ্ধেও দুর্নীতির প্রমাণ পাওয়া গেছে।